জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

সুত্র: পিডি/ডিজিএম/গ্রীষ্মকালীন পোষাক/১৮ তারিখ : ২৭.০৫.২০১৮

সকল মহাব্যবস্হাপক/উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/
সকল কর্পোরেট শাখা/অন্যান্য সকল শাখা
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়: ২০১৮ সালে অত্র ব্যাংকের গ্রীষ্মকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের গ্রীষ্মকালীন পোষাকের মুল্য পুন:ভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০১৮ সালের গ্রীষ্মকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্ল্যারিক্যাল কর্মচারীদের গ্রীষ্মকালীন পোষাক সরবরাহের নিমিত্তে নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী পোষাক তৈরীর পর পোষাকের মুল্য ভাউচার ও সেলাই মজুরীর রশিদ অফিসে জমাদান সাপেক্ষে স্ব-স্ব কর্মস্থল হতে পুন:ভরণ পদ্ধতিতে পরিশোধের অনুমোদন প্রদান করা হয়েছে :

(ক) স্থায়ী নন-ক্লারিকাল কর্মচারী (পুরুষ):

ক্র: নং	কর্মচারীর ধরন	পোষাকের বিবরন	মোট মুল্য (টাকা)
১।	কেয়ারটেকার/কেয়ারটেকার পিয়ন/পিয়ন,ম্যাসেঞ্জার, ড্রাইভার, ইলেকট্রিশিয়ান/প্লাম্বার,পরিচ্ছন্নতা কর্মী/পিয়ন-কাম-ম্যাসেঞ্জার/কেয়ারটেকার ক্লিনার/বাস হেলপার/ লিফটম্যান/ মালি/কুক)।	প্রত্যেক কর্মচারীর জন্য ৩টি ফুল প্যান্ট ও ৩টি ফুল শার্ট। (নেভী ব্লু প্যান্ট ও সাদা ফুল শার্ট)	৩,৮৫০/-
২।	কেয়ারটেকার গার্ড/ব্যাংক গার্ড/আর্ম গার্ড।	প্রত্যেক কর্মচারীর জন্য ৩টি ফুল প্যান্ট ও ৩টি ফুল শার্ট। (খাকি কাপড়ের শার্ট ও প্যান্ট)	৩,৮৫০/-

(খ) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী(মহিলা):

ক্র: নং	কর্মচারীর ধরন	পোষাকের বিবরন	মোট মুল্য (টাকা)
১।	কেয়ারটেকার পিয়ন/পিয়ন/ম্যাসেঞ্জার, পরিচ্ছন্নতা কর্মী/ পরিচ্ছন্নতা কর্মী (পিয়ন-কাম-ম্যাসেঞ্জার)।	প্রত্যেক কর্মচারীর জন্য ৩টি সুতী শাড়ী, ৩টি সুতী পেটিকোট ও ৩টি সুতী ব্লাউজ।	৪,৬০০/-

নিয়মাবলী/শর্তাবলী :

১। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্ল্যারিক্যাল কর্মচারী(কেয়ারটেকার/কেয়ারটেকার পিয়ন/পিয়ন/ম্যাসেঞ্জার, ড্রাইভার, ইলেকট্রিশিয়ান/প্লাম্বার, পরিচ্ছন্নতা কর্মী (পিয়ন-কাম-ম্যাসেঞ্জার), কেয়ারটেকার ক্লিনার,বাস হেলপার, লিফটম্যান, কেয়ারটেকার গার্ড/ ব্যাংক গাড/আর্ম গার্ড, মালি/কুক) ৬৫:৩৫% টেট্রন : কটন সাদা কাপড়ের ৩(তিন)টি ফুল শার্ট এবং ১০০% পলিষ্টার নেভী ব্লু কাপড়ের ৩(তিন)টি ফুল প্যান্ট প্রতিষ্ঠিত কোন দোকান হতে ক্রয় ও প্রতিষ্ঠিত কোন দর্জির দোকান কর্তৃক পোষাক সেলাইয়ের পর উপরে বর্নিত হারে (প্রতিজন ৩,৮৫০/-টাকা) কাপড় ক্রয় ও সেলাইয়ের মজুরীর রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে দাখিল করা সাপেক্ষে পোষাকের মুল্য পুন:ভরণ পদ্ধতিতে গ্রহন করতে পারবেন।

২। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্ল্যারিক্যাল কর্মচারী (কেয়ারটেকার গার্ড/ব্যাংক গার্ড/আর্ম গার্ড) ৬৫:৩৫% টেট্রন: কটন খাকী কাপড়ের ৩(তিন)টি ফুল শার্ট এবং ১০০% পলিষ্টার খাকী কাপড়ের ৩(তিন) টি ফুল প্যান্ট প্রতিষ্ঠিত কোন দোকান হতে ক্রয় ও প্রতিষ্ঠিত কোন দর্জির দোকান কর্তৃক পোষাক সেলাইয়ের পর উপরে বর্নিত হারে (প্রতিজন ৩,৮৫০/-টাকা) কাপড় ক্রয় ও সেলাইয়ের মজুরীর রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে দাখিল করা সাপেক্ষে পোষাকের মুল্য পুন:ভরণ পদ্ধতিতে গ্রহন করতে পারবেন।

...চলমান পাতা-০২

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ৪৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা (৫ম তলা), ঢাকা-১০০০, বাংলাদেশ। ফোন ঃ ৯৫৬৭৪০২, ৯৫৫৩৩৩৫, ৯৫৫৮২৪০
পিএবিএক্স ঃ ৯৫৬৫০০৩, ৯৫৬৬০৯৪, ৯৫৬৬০৮৯, ৯৫৬০২১৯, ৯৫৬৪৩৭৫ পোষ্ট বক্স ঃ ৪৬৮ ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৮৪, SWIFT: JANBBDDH, Website: www.jb.com.bd

সূত্র: পিডি/ডিজিএম/গ্রীষ্মকালীন পোষাক/১৮ তারিখ : ২৭.০৫.২০১৮

বিষয়: ২০১৮ সালে অত্র ব্যাংকের গ্রীষ্মকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের গ্রীষ্মকালীন পোষাকের মুল্য পুন:ভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসংগে ।

৩। প্রত্যেক স্থায়ী মহিলা নন-ক্লারিক্যাল কর্মচারী ৩(তিন)টি সুতি শাড়ী, ৩(তিন)টি সুতি পেটিকোট ও ৩(তিন)টি সুতি ব্লাউজ প্রতিষ্ঠিত কোন দোকান হতে ক্রয় করে উপরে বর্নিত হারে (প্রতিজন ৪,৬০০/-টাকা) স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে রশিদ দাখিল করা সাপেক্ষে পোষাকের মুল্য পুন:ভরণ পদ্ধতিতে গ্রহন করতে পারবেন ।

৪। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্লারিক্যাল কর্মচারী(পিয়ন/ম্যাসেঞ্জার, কেয়ারটেকার, ড্রাইভার প্রভৃতি) ক্যাটাগরির কর্মচারীদের শার্টের বাম পার্শ্বে পকেটের উপরের অংশে জনতা ব্যাংক লিমিটেডের মনোগ্রাম যুক্ত আকাশি কালার এবং গার্ডদের শার্টের বাম পার্শ্বের উপরের অংশে ব্যাংকের মনোগ্রাম যুক্ত ব্লু রংয়ের সুতা দ্বারা জনতা ব্যাংক লিমিটেড কথাটি (বাংলায়) এমব্রয়ডারী লিখন থাকতে হবে ।

৫। প্রধান কার্যালয়ের সকল স্থায়ী নন ক্লারিক্যাল কর্মচারীদের পোষাক সেলাইয়ের বিল/ভাউচার এর পিছনে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের দায়িত্বপ্রাপ্ত অফিসার কর্তৃক কাপড় ক্রয় ও সেলাইয়ের বিষয়ে নিশ্চিত হয়ে কর্মচারীর সহি সত্যায়িত করে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে পরিশোধের জন্য প্রেরন করতে হবে ।

৬। কর্মচারীগন যাতে যথাযথ ইউনিফরম পরিধান করে প্রতিদিন অফিসে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করবার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে পরামর্শ দেওয়া যাচ্ছে । ব্যর্থতায় সংশিষ্ট কর্মচারীর বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করতে হবে ।

৭। পি.আর.এল ভোগরত কর্মচারীগন গ্রীষ্মকালীন পোষাক (ইউনিফরম) পাওয়ার যোগ্য হবে না । সুতরাং বর্তমানে যে সকল কর্মচারী পি.আর.এল ভোগ করছেন তারা উক্ত (গ্রীষ্মকালীন) পোষাক পাবেন না ।

৮। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখ ১০-০১-৮৭ এর আলোকে নন-ক্লারিক্যাল কর্মচারীদের চাকুরীর মেয়াদ সার্কুলার ইস্যুর তারিখে ৬ (ছয়) মাস পূর্ণ হলে উক্ত সুবিধা পাবেন ।

৯। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন সময়ে গ্রীষ্মকালীন পোষাক পাওয়ারযোগ্য হবেন না । তবে সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ পরবর্তীতে পুর্নবহাল হয়ে চাকুরীতে যোগদান করলে তারা উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবেন ।

১০। উল্লেখ্য যে, কর্মচারীগণ কর্তৃক পোষাকের কাপড় ক্রয় ও পোষাক সেলাই কার্য সম্পন্ন করায় সরকারী বিধিমালা অনুযায়ী কাপড়ের মুল্য ও সেলাই মজুরী প্রদানকালে ৫% হারে অর্থাৎ পুরুষ কর্মচারীদের নিকট হতে সর্বমোট ১৮৪/-(একশত চুরাশি) টাকা ও মহিলা কর্মচারীদের নিকট হতে ২২০/-(দুইশত বিশ) টাকা ভ্যাট কর্তন করে কর্তনকৃত ভ্যাট একীভুত আকারে ডিভিশনাল অফিস/এরিয়া অফিস এর মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যুকরতঃ আগামী ১(এক) মাসের মধ্যে একাউন্টস ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০,মতিঝিল, বা/এ, ঢাকায় প্রেরন করতে হবে । প্রসঙ্গত উল্লেখ্য যে, কোন কোন ডিভিশনাল অফিস /এরিয়া অফিস/শাখা হতে সিআইবিটিসিএ সমুহ প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরন করা হয় যা মোটেও কাম্য নয় ।

ধন্যবাদান্তে

আপনাদের বিশ্বস্ত,

(আরিফ আহমেদ) ২৭।৫।১৮
সহকারী মুহাব্যবস্থাপক

(মোঃ মহসীন আলী সরকার) ২৭/৫/১৮
উপ-মহাব্যবস্থাপক

অনুলিপি :

১. সিইও এবং ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ।
২. কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ।
৩. উপ-ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ।
৪ । সকল মহাব্যবস্থাপকের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/ডিভিশনাল অফিস /ঢাকা-নর্থ/ঢাকা-সাউথ/ চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ/ফরিদপুর/লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা ।
৫. চীফ এক্সিকিউটিভ, জেসিআইএল, ঢাকা ।
৬. প্রিন্সিপাল, জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা ।
৭. নথি ।

Non Clarical Uniform Circuler Letter-2018